লেখক ঃ

ডঃ সালেই বিনু ফাওয়ান বিনু আবদুল্লাই আলু ফাওয়ান।

অনুবাদ ঃ

আৰু সাধ্যান মোহাখদ যভিউল ইসলাম বিন আলী আহ্যাদ

The Co-operative Office for Call & foreigners Guidance at Sultanah Under the supervision of Ministry of Islamic Affairs and Endowment and Call and Guidance Tel: 4240077 Fax 4251005 P.O. Box 92675 Bleath 11663 E-mail: Sullanzis 230 hothell.com



# লা ইলাহা ইল্লাল্লাহ

এর অর্থ

''উহার দাবী এবং ব্যক্তি ও সমাজ জীবনের উপর উহার প্রভাব''

## লেখক ঃ

ডঃ সালেহ বিন্ ফাওযান বিন্ আবদুল্লাহ আল্ ফাওযান।

## অনুবাদ ঃ

আবু সালমান মোহাম্মদ মতিউল ইসলাম বিন্ আলী আহ্মাদ

تم بعون الله وتوفيقه ترجمة وأصدار هذا الكتاب بالمكتب التعاوني للدعوة والإرشاد وتوعية الجاليات بحي الروضــــة

تحت اشراف وزارة الشؤون الإسلامية والأوقاف والدعوة والإرشاد

الرياض ۱۱٦٤٢ ص.ب ۸۷۲۹۹ هاتف ٤٩٧٠٥٦١ فاکس ٤٩٧٠٥٦١

يسمح بطبع هذا الكتاب واصدارتنا الاخرى بشرط عدم التصرف في أي شيء ما عدا الغلاف الخارجي.

حقوق الطبع مسيره لكل مسلم

## ভূমিকা

الحمد لله رب العالمين والعاقبة للمتقين والمسلاة والسلام على رسوله الأمين وعلى آله وصحبه أجمعين ...

বর্তমান পৃথিবীর এক পঞ্চমাংশ মানুষ মুসলমান হলেও প্রকৃত মুসলমান ও ঈমানদারের সংখ্যা উপরোক্তেবিত অংকের যে বহুতন নীচে তা অধীকার করার উপায় নেই; কারণ অনেক লোক নামধাম দিয়ে ইসলাম ও ঈমানের দাবী করলেও প্রকৃত অর্থে তারা শিরকের বেড়াজাল থেকে নিজনের মুক্ত করতে পারেনি।

আল্লাহ তা'য়ালা বলেন ঃ

্তনা এই من أكثرهم بالله إلاوهم مشركون অর্থাৎঃ অনেক মানুষ আল্লাহকে বিশ্বাস করলেও তারা কিন্তু মুশ্রিক।

অনেক মানুষ জীবনে কোন এক সময়ে 'Ш। प्र। प्र। অই কালিমার মৌথিক স্বীকৃতি দান করেই নিজকে খাটি ইমানদার মনে করে থাকে, যদিও তার কাজ কর্ম ইমান আকিদার সম্পূর্ণ পরিপত্তী হয়, এর কারন হলো ঐ ব্যক্তি জানেনা কেন সে আল্লাহ্ব উপর ইমান এনেছে, অথবা তার নিকট ইমান কি দাবী করে, এবং কি কাজ করলে ইমানের গতি থেকে বেরিয়ে যাবে।

গণেশ নামে কোন এক ব্যক্তি একেশ্বরবাদে বিশ্বাস করে কিন্তু কালির পূজা করে বলে অথবা লক্ষীর নিকট কল্যাণ কামনা করে বলে তাকে মুশরিক বলা হয়। আবার আবদুল্লাহ নামক কোন ব্যক্তি আল্লাহর একতবাদে বিশ্বাস করার পর যদি গোর পূজা করে অথবা খাজাকে সেজদা করে বা মত ব্যক্তির নিকট কল্যাণ কামনা করে তাহলে গণেশের মধ্যে ও এই আবদুলাহর মধ্যে পার্থক্য কোথায় ? লেখক এই পস্তিকাটিতে কালিমা "লা ইলাহা ইলাল্রাহ" এর অর্থ এবং উহার দাবী ইত্যাদি প্রসঙ্গে তথ্য ভিত্তিক জ্ঞানগর্ভ আলোচনা করেছেন। নির্ভেজন ইসলামী আকীদা নিয়ে বেচৈ থাকার জন্য বইটিকে মাইল ফলক হিসাবে ধরা যায়। বইটির অপরিসীম গুরুত অনুধাবন করে বাংলা ভাষায় রূপান্তরের জন্য আমি প্রয়াসী হই। এবং যথা সময়ে অনুবাদকের কাজ শেষ করতে পেরে আল্লাহর ওকরিয়া জ্ঞাপন করি। বইটি পড়ে একজন পাঠক ও যদি সঠিক ঈমানী চেতনায় উজ্জীবিত হতে পারেন তাহলে এই ক্ষুদ্র প্রচেষ্টা সার্থক হবে বলে মনে করি। আল্লাহ আমাদের সাবইকে খাটি ঈমানদার হয়ে তাঁর সান্নিধ্য লাভ করার তাওফীক দান করুন। আমিন !

মোহাশ্বদ মতিউল ইসলাম বিন আলী আহ্মাদ

## বিছ্মিল্লাহির রাহ্মানির রাহিম

সমন্ত প্রশংসা আল্লাহ্রর জন্য, আমরা তাঁরই প্রশংসা করি এবং তাঁরই নিকট সাহাযা চাই, এবং তাঁরই নিকট ক্ষমা প্রার্থনা করি এবং তাঁরই নিকট তাওবা করি। আমাদিশকে সমন্ত বিপর্যয় ও কুন্সীর্তি হইতে রক্ষার জন্য তাঁরই সাহাযা প্রার্থনা করি। আল্লাহ্ যাকে হিদায়েত দান করেন তার কোন পথন্তইকারী নেই, আর যাকে পথন্তই করেন তার কোন পথ প্রদর্শকারী নেই।

অতঃপর আমি সাক্ষ্য প্রদান করছি যে, আল্লাহ্ এক এবং অদিতীয়, তার কোন শরীক নেই এবং মোহাশ্বদ সাল্লাল্লাহ্ আলাইহে ওয়া সাল্লাম আল্লাহ্রর বান্দাহ্ এবং রাসৃল। আল্লাহ্রর পক্ষ থেকে কিয়ামত পর্যন্ত দুরূদ ও সালাম বর্ষিত হউক তার রাসৃল, আহলে বাইত এবং সমস্ত সাহাবায়েকেরামগণের উপর এবং ঐ সমন্ত বাকিনের উপর যারা অনুসরণ করেছে রাসুল সাল্লাল্লাভ্লা আলাইহে ওয়া সাল্লামের এবং আঁকড়ে ধরেছে তাঁর ছলাতকে।

অতঃপর আল্লাহ তায়ালা আমাদেরকে তাঁর শ্বরণ করার জন্য আদেশ করেছেন, এবং তিনি তাঁর শ্বরণকারীদের প্রশংসা করেছেন ও তাদের জন্য পুরস্কারের তয়াদা করেছেন। তিঁনি আমাদেরকে সাধারণভাবে সর্বাবস্থায় তার শ্বরণ করতে নির্দেশ দিয়েছেন। আবার বিভিন্ন ইবাদত সম্পন্ন করার পরে তাকে শ্বরণ করার নির্দেশ দিয়েছেন।

ंबांदा वंक्या । أفاد قضيتم المسلاة فاذكروا الله قياماً । जिन वरलन

অর্থাৎ ঃ অতঃপর যখন তোমরা নামায সম্পূর্ন কর তখন দণ্ডায়মান, উপরিষ্ট ও শায়িত অবস্থায় আল্লাহ্কে শ্বরণ কর। (<sup>3)</sup>

আল্লাহ্ আরো বলেন ঃ

فإذا قضيتم الصلاة فاذكروا الله كذكركم أباءكم أو

অর্থাৎ ঃ আর যখন তোমরা হজের যাবতীয় অনুষ্ঠানাদি সমাপ্ত করবে তখন শরণ করবে আল্লাহকে, যেমন করে তোমরা শ্বরণ করতে নিজদের বাপ দাদাদেরকে, বরং তার চেয়েও বেশী শ্বরণ করবে। (५)

বিশেষ করে হজুব্রত পালনের সময় তাঁকে শ্বরণ করার জন্য বলেনঃ

নির্বাচিত করে বর্ত্তাত ভারতির। বিশ্ব বর্ত্তার বিবাদি বর্ত্তার বর্তার বর্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্ত্তার বর্তার বর্ত্তার বর্ত্তার বর্তার বর্ত্তার বর্ত্তার বর্তার বর্ত্তার বর্তার বর্তার বর্ত্তার বর্তার বর্তার বর্তার বর্তার বর্ত্তার বর্তার বর্তা বর্তার বর্তার বর্তার বর্তা বর্তা বর্তার বর্তা বর্তা বর্তার বর্তার

ويذكروا إسم الله في أيام معلومات : जिनि आता वलन على مارزقهم الله من بهيمة الأنعام "

অর্থাৎ ঃ এবং তারা যেন নির্দিষ্ট দিনগুলিতে আল্লাহর দেয়া চতুম্পদ জন্তু যবেহ করার সময় আল্লাহ নাম স্বরণ করে। (\*)

তিনি আরো বলেন ঃ "و اذكرو ا الله في أيام معلو مات । অর্থাৎ ঃ আর এই নির্দিষ্ট সংখ্যক কয়েক দিনে আল্লাহকে শ্বনণ কর। (<sup>(1)</sup> এছাড়া আল্লাহর স্বরণের লক্ষ্যে তিনি নামান্ত প্রতিষ্ঠা করার ব্যবস্থা করেছেন। এ প্রসঙ্গে তিনি বলেন : "و أقم المسلاة لذكري" ।

১। আননিসা - ১০৩

২। আলু বাকারাহ - ২০০ ৩। আলু বাকারাহ - ১৯৮

৪। আল হাল্ড-২৮

৫। আৰু বাকুারাহ - ২০৩

অর্থাৎ ঃ আমার স্বরনের জন্য নামায প্রতিষ্ঠিত কর। রাসূল সাল্লাল্লাহ্ আলাইহে ওয়া সাল্লাম বলেন ঃ তাশরিকের দিনগুলো হচ্ছে খাওয়া পান করা এবং আল্লাহর স্বরণের জন্য। <sup>(6)</sup>

هياأيها الذين أمنوا اذكروا : आज्ञार जांत्राला रालन الله ذكراً كثيرا وسبحوه بكرةً وأصيلاء

অর্থাৎ ঃ হে ঈমানদারগণ আল্লাহকে বেশী বেশী করে শ্বরণ কর এবং সকাল সন্ধ্যা তাঁর তাসবীহ পাঠ কর। <sup>(৩)</sup> এখানে বলে রাখা প্রয়োজন সবচেয়ে উত্তম জিকিব হলো ঃ

لا إله إلا الله وحده لا شريك له.

অর্থাৎ ঃ আল্লাহ ছাড়া আর কোন মাবুদ নেই তিনি এক তাঁর কোন শরীক নেই।

রাসূল সাল্লাল্লান্থ আলাইহে ওয়া সাল্লাম বলেন ঃ সবচেয়ে উত্তম দোয়া আরাফাতে অবস্থান কালিন দোয়া এবং সবচেয়ে উত্তম কথা ঐ কথা যা আমি এবং আমার পূর্ববর্তী নবীগণ বলেছেন, আর তা'হলো ঃ

"لا إله إلا الله وحده لا شسريك له له السملك وله الحمد وهو على كل شيء قدير"

উচ্চারণ ঃ লাইলাহা ইল্লাল্লান্থ ওয়াহদান্থ লা-শারীকালান্থ, লাহল মূলক ওয়ালাহল হামদ ওয়া চয়া আলা কলিশাইয়িন কাদির।

৬। ইমাম মুসলিম।

৭। আলু আহ্যাব - ৪১/৪২

আল্লাহকে স্বরণ করার বিষয় ওলোর মধ্যে এই মহামূল্যবান বাণী :

"বাা গ', এর রয়েছে বিশেষ মর্যাদা এবং এর সাথে সম্পর্ক রয়েছে বিভিন্ন হকুম আহকামের। আর এই কালিমার রয়েছে এক বিশেষ অর্থ তালিমার রয়েছে এক বিশেষ অর্থ তালিমার রয়েছে এক বিশেষ অর্থ তালিমার রয়েছে এক বিশেষ অর্থ তাল্যবিক বিশ্ব বিশ্ব হিলারে এই বিশ্বাটিক অ্যাধিকার দিয়েছি, এবং আল্লারে নিকট প্রার্থনা করি তিনি বেন আমাকে এবং আপনাদেরকে এই মহান কালিমার ভাবাবেগ ও মর্মার্থ অনুধাবন করতঃ উহার দাবী অনুযায়ী সমস্ত কাক্ষ করার তাওফিক দান করেন এবং আমাদিগকে ঐ সমন্ত লোকদের অর্থভুক করেন যারা এই কালিমারে সাঠিক অর্থে বুঝতে প্রেছেন। প্রিয় পাঠক এই কালিমার ব্যাখ্যা দানকালে আমি নিয়বর্তী বিষয়চলোর উপর আলোকপাও করব।

🖈 মানুষের জীবনে এ কালিমার মর্যাদা

🖈 এর ফ্যিলত

🖈 এর ব্যাকরণিক ব্যাখ্যা

🖈 এর ভঞ্চ বা রোকন সমূহ

🖈 এর শর্তাবলী

🖈 এর অর্থ এবং উহার দাবী

🖈 🌣 कथन भानूष এই कालिभा পाঠে উপকৃত হবে ...

শ্র আমাদের সার্বিক জীবনে উহার প্রভাব কি ?

এখন আল্লাহর সাহায্য কামনা করে কালিমা 'আ। খু। খু এর গুরুত্ব ও মর্যাদা সম্পর্কে আলোচনা গুরু করছি।

## ১। জীবনে 'নাা ধা না ধ' এর গুরুত্ব ও মর্যাদা ঃ

এটি এমন এক গুরুত্বপূর্ণ বাণী যা মুসলমানগণ তাদের আযান, ইকামাত, বক্তৃতা বিবৃতিতে বলিষ্ঠ কণ্ঠে ঘোষণা করে থাকে, ইহা এমন এক কালিমা যার জন্য প্রতিষ্ঠিত হয়েছে আসমান জমিন, সৃষ্টি হয়েছে সমস্ত মাখলুকাত। আর এর প্রচারের জন্য আল্লাহ যুগে যুগে পাঠিয়েছেন অসংখ্য রাসল এবং নাথিল করেছেনে আসমানি কিতাব সমূহ এবং প্রণয়ন করেছেন অসংখ্য বিধান। প্রতিষ্ঠিত করেছেন তুলাদন্ত (মিযান) এবং ব্যবস্থা করেছেন পুজ্পানুপুজ্প হিসাবের, তৈরী করেছেন জান্নাত এবং জাহান্রাম। এই কালিমাকে স্বীকার করা এবং অস্বীকার করার মাধ্যমে মানব সম্প্রদায় বিশ্বাসি এবং অবিশ্বাসি এই দুই ভাগে বিভক্ত হয়েছে। অতএব সৃষ্টি জগতে মানুষের কর্ম, কর্মের ফলাফল, পুরস্কার অথবা শান্তি সমন্ত কিছুরই উৎস হচ্ছে এই কালিমা। এরই জন্য উৎপত্তি হয়েছে সৃষ্টি কুলের ....। এই কালিমার উপর ভিত্তি করেই প্রতিষ্ঠিত হয়েছে মসলমানদের কিবলা এবং এই হল মসলমানদের জাতী সন্তার ভিত্তি প্রস্তর এবং এর প্রতিষ্ঠার জন্য খাপ থেকে খোলা হয়েছে জিহাদের তরবারী। (৮)

বাদার উপর ইহাই হচ্ছে আল্লাহর অধিকার, ইহাই ইসলামের মূল বজব্য এবং শান্তির আবাদের (জাল্লাতের) চাবিকাঠি। এবং পূর্বা-পর সকলই জিজ্ঞাসিত হবে এই কালিমা সম্পর্কে, আল্লাহ কিয়ামতের দিন প্রত্যেক ব্যক্তিকে জিজ্ঞাসা করবেন তুমি কার ইবাদাত করেছ ? নবীদের

৮। অর্থাৎ ফরজ করা হয়েছে জিহাদ।

ভাকে কভটুকু সাড়া দিয়েছে ? এই দুই প্রশ্নের উত্তর দেয়া বাতীত কোন ব্যক্তি ভার দুটো পাঁ সামান্যতম নাড়াতে পারবেনা। আর প্রথম প্রশ্নের সঠিক উত্তর হবে 'আ। মা এটা মা কে ভালো ভাবে জেনে এর স্বীকৃতি দান করা এবং উহার দাবী অনুযাই কাজ করার মাধামে। আর দ্বিতীয় প্রশ্নের সঠিক উত্তর হবে মুহামাদ সাল্লালাল্লাল্ল আলাইহে ওয়া সাল্লামকে রাস্ল হিসাবে মেনে ভার নির্দেশের আনুগভোর মাধামে। (০)

আর এই কালিমাই হচ্ছে কুফর ও ইগলামের মধ্যে পার্থক্য সৃষ্টি কারি। এই হচ্ছে খোদাভীতির কালিমা এবং মজনুত অবলধন। আর এই কালিমাই হয়রত ইব্রাহিম আলাইহিস্সালাম ''অক্ষয় বাণীরূপে তাঁর পরবর্তীতে তাঁর সন্তানদের জন্য রেখে গেলেন যেন তারা ফিরে আসে এ পরেই''() (100)

ब्यो त्यारे किनिया यात प्राभी चाहार छात्राणा चत्रः निष्कत छन्।
निराहरून এবং আরো चाकी निराहरून कितिगंछागं ७ छाति वाकिगंव।
चाहार छात्राला वर्लन : الله أنه لا إله إلا هر المزيز الحكيم وأولى المام قاضاً بالا هر المزيز الحكيم وأولى المام قاضاً بالا الإهم المزيز الحكيم والمنافق عالم المنافق المناف

৯। দেখুন যাদুল মায়াদ - ১ম থও ২য় পুঃ

১০। আলে ইমরান - ১৮

এই কালিমাই ইখলাছের বা সত্যনিষ্ঠার বাণী, ইহাই সভ্যের সাক্ষ্য ও উহার দাওয়াত, এবং ইহাই শিরক্ এর সাথে সম্পর্ক ছিন্ন করার বাণী ... (22)

আল্লাহ তায়ালা বলেন : وما خلقت الجن و الإنس إلا ليعبدون অর্থাৎঃ আমি জ্বিন ও ইনসানকে তধু মাত্র আমার ইবাদাতের জন্য সৃষ্টি করেছি। <sup>(১২)</sup>

এই कालिमा প্রচারের জন্য আল্লহ সমস্ত রাসূল এবং আসমানি কিতাব সমূহ প্রেরণ করেছেন, তিনি বলেন ঃ

সমূহ প্রেরণ করেছেন, তিনি বলেন ঃ
وما أرسلنا من قبلك من رسول إلا نوحي إليه أنه

অর্থাৎ : আমরা তোমার পূর্বে যে রাসৃদ্ধ পাঠিয়েছি তাঁকে এই ওহীই দিয়েছি যে, আমি ছাড়া বা কোন মাবুদ নেই অতএব ভোমরা আমারই ইবাদাত কর। (০০)

ينزل الملائكة بالروح من أمره على من يشاء من عباده أن أنذروا أنه لا إله إلا أنا فاتقون "

অর্থাৎ ঃ তিনি ফিরেশতাদের মাধ্যমে এই রহকে <sup>(14)</sup> বানার উপর নিজের নির্দেশ ক্রমে নাযিল করেন, লোকদের এই ওহীর মাধ্যমে সাবধান ও সতর্ক কর যে, আমি ছাড়া আর কোন মাবুদ নাই, অতএব তোমরা আমাকেই ভয় কর। <sup>(16)</sup>

১১। দেখুন মাযমুযুততাগুহীদ - ১০৫-১০৭ পঃ

১২। আয্যারিয়াত - ৫৬

১৩। আল্ আছিয়া - ২৫ ১৪। এখানে রহ বলতে ওহীকে বুঝান হয়েছে।

১৫। जान्नाशन - २

ইবনে উইমাইনা বলেন ঃ বানার উপর আল্লাহ তায়ালার সবচেয়ে
প্রধান এবং বড় নিয়ামত তিনি তাহাদেরকে 'Ш। খ় । এ। খ' তার এই
একত্বাদের সাথে পরিচয় করে দিয়েছেন। দুনিয়ার পিপাসা কাতর
তৃষ্ণার্থ একজন মানুষের নিকট ঠাতা পানির যে মূল্য আব্দেরাতে
জান্নাতবাসিদের জন্য এই কালিমা তদ্রপ। (10)

এবং যে ব্যক্তি এই কাদিমার খীকৃতি দান করল সে তার সম্পদ এবং জীবনের নিরাপত্তা গ্রহণ করল। আর যে ব্যক্তি উহা অখীকার করল সে তার জীবন ও সম্পদকে নিরাপদ করদনা। (<sup>১১</sup>)

ন্নাসূল সাল্লাল্লাহ্ আলাইহে ওয়া সাল্লাম বলেন ঃ যে ব্যক্তি "লা ইলাহা ইল্লাল্লাহ্" এর থীকৃতি দান করল এবং আল্লাহ ছাড়া অন্য সব উপাস্যকে অথীকার করল তার ধন-সম্পদ ও জীবন নিরাপদ হল এবং তার কতকর্মের হিসাব আল্লাহের উপর বর্তাল।

ক্ষলন কান্দেরকে ইসলামের প্রতি আহবানের জন্য প্রথম এই কালিমার স্বীকৃতি চাওয়া হয়। নবী সাল্লাল্লাই আলাইহে ওয়া সাল্লাম যখন হয়বত মোয়াজ (বাঃ) কে ইয়ামানে ইসলামের দাওয়াতের জন্য পাঠান তখন তাঁকে বলেন : তুমি আহলে কিতাবের নিকট যাঙ্ক, অতএব সর্ব প্রথম তাদেরকে 'না খুমি আহলে কিতাবের নিকট যাঙ্ক, অতএব সর্ব প্রথম তাদেরকে ব

১৬। দেখুন কালিমাতুল ইখ্লাছ - ৫২/৫৩ পৃঃ

১৭। অর্থাৎ তাহার বিরুদ্ধে জিহাদ করা এবং তাহার সম্পদ গণীমত গ্রহন করা বৈধ।

১৮। আল্ বোখারী ও মুসলিম।

প্রিয় পাঠকণণ এবার চিন্তা করুন্দ দ্বীনের দৃষ্টিতে এই কালিমার স্থান কোন পর্যায়ে এবং এর ওরুত্ কতটুকু। আর এজন্য বান্দার প্রথম কাজ হল এই কালিমার থীকৃতি দান করা কেননা এইহলো সমস্ত কর্মের মূল ভিবি।

## ব। , বা। না বা ন, বা ক্রিঅত।

এই কালিমার অনেক ফজিলত বর্ণিত হয়েছে এবং আল্লাহর নিকট এর বিশেষ মর্যদা রয়েছে।

ভন্মধো উল্লেখযোগ্য ঃ যে ব্যক্তি সভা-সতিাই কায়মনো বাক্যে এই কালিমা পাঠ করবে আল্লাহ তাকে জান্লাতে প্রবেশ করাবেন। আর যে বাক্তি মিছে-মিছি এই কালিমা পাঠ করবে উহা দূনিয়াতে তার জীবন ও সম্পদের হেফাজত করবে বটে, তবে তাকে এর হিসাব আল্লাহর নিকট দিতে হবে।

এটি একটি সংক্ষিপ্ত বাক্য হাতেগণা কয়েকটি বর্ণ এবং শব্দের সমারোহ মাত্র, উচ্চরণেও অতি সহজ কিন্তু কিয়ামতের দিন পাল্লায় হবে অনেক ভাবি।

ইবনে হেকান এবং আল হাকেম হযরত আরু সাইদ পুদরী (রাঃ) হতে বর্ণনা করেন রাসূল সাল্লাল্লাহ আলাইহে হয়া সাল্লাম বলেন হযরত মুসা (আঃ) একদা আল্লাহ ভায়ালাকে বললেনঃ হে রব, আমাকে এমন একটি বিষয় শিক্ষা দান করুল যা ছারা আমি আপনার শ্বরণ করব এবং আপনাকে আহবান করব।

আল্লাহ বলেলেন ঃ হে মুসা (আঃ) বলো, 'আা মুসা (আঃ) বললেন ঃ ইহাত আপনার সকল বান্দাই বলে থাকে। আল্লাহ বলেলন ঃ হে মুসা, সপ্তাকাশ এবং আমি ব্যতীত আর যা এর

অতএব এ হাদীসের মাধ্যমে প্রমাণ পাওয়া গেল যে, । । । । ত্যা স্বাদ্ধির উত্তম জিকির।

আব্দুল্লাই বিন ওমর হতে বর্ণিত রাসূল সাল্লাল্লাই আলাইহে ওয়াসাল্লাম বলেছেন ঃ সবচেয়ে উত্তম দোয়া হলো আরাফাতের দোয়া এবং সবচেয়ে উত্তম কথা ঐ কথা যা আমি এবং আমার পূর্ববর্তী সমস্ত নবীগণ বলেছেন আর ভাইলো ঃ

"لا إله إلا الله وحده لا شريك له له الملك وله الحمد

وهو على كل شيء قدير"

অর্থাৎ ঃ আল্লাহ এক এবং অদিতীয় তাঁর কোন শরীক নেই, সমস্ত রাজত্ব একমাত্র তাঁরই জন্য, সমস্ত প্রশংসা তথুমাত্র তাঁরই এবং তিনি সর্বময় ক্ষমতার অধিকারী।

এ কালিমা যে সমস্ত কিছু হতে ওরুত্বপূর্ণ ও ভারী তার আরেকটি প্রমাণ হযরত আন্মন্ত্রাহ বিন আমর হতে বর্ণিত আরেকটি হাদীসে রাসূল সাল্লাল্লান্ড আলাইহে ওয়া সাল্লাম বলেন ঃ কিয়ামতের দিন আমার উন্ধাতের এক ব্যক্তিকে সকল মানুষের সামনে ডাকা হবে, তার

২০। দেখুন আল্হাকেম - ১ম খণ্ড ৫২৮ পৃঃ

২১। তিরমিয়ি শরীফ কিতাবুদ দাওয়া হাদিস নং - ২৩২৪

সামনে ৯৯ টি (পাপের) নিবন্ধ পুক্তক রাখা হবে এবং একেকটি পুস্তকের পরিধি চকুদৃত্তির সীমারেখা হেড়ে যাবে। এর পর ডাকে বলা হবে এই নিবন্ধ পুস্তকে যা কিছু নিপিবদ্ধ হয়েছে তা কি তুমি অধীকার কর ? উত্তরে ঐ ব্যক্তি বলবে: হে রব আমি উহা অধীকার করিনা। তারপর বলা হবে: এর জন্য তোমার কোন আপত্তি আছে কিনা আবর পরিবর্তে কোন নেককান্ধ আছে কিনা ? তখন সে ভীত সম্ভপ্ত অবস্থার বলবে: না তাও নেই। অতঃপর বলা হবে: আমানের নিকট তোমার কিছু পুন্যোর কান্ধ আছে এবং তোমার উপর কোন প্রকার জুকুম করা হবে না, অতঃপর তার জন্য একখানা কার্ত বাহির করা হবে বা, অতঃপর তার জন্য একখানা কার্ত বাহির করা হবে লা, অতঃপর তার জন্য একখানা কার্ত বাহির করা হবে লা, অতঃপর তার জন্য একখানা কার্ত বাহির করা হবে লা, অতঃপর তার জন্য একখানা কার্ত বাহির করা হবে লাত প্রভাবনে ব

ি ক্রেন টি খুনি খুখ । এই ব্রক্তির টি ক্রেন টি ক্রেন মা'রুদ নেই অর্থাং : আমি সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ ছাড়া অন্য কোন মা'রুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাত্মাদ সাল্লাল্লাই অলাইহে ওয়া সাল্লাম আল্লাহর বান্দা এবং প্রেরিত রাসুল।

ভখন ঐ ব্যক্তি বিশ্বরের সাথে বলবে : হে আমার রব, এই কার্ড খানা কি এই ১৯টি নিবন্ধ পুঞ্চকের সমতুল্য হবে ? ভখন বলা হবে : ভোমার উপর কোন প্রকার জুলুম করা হবে না, এরপর ঐ ১৯টি পুঞ্চক এক পাল্লায় রাখা হবে এবং ঐ কার্ড খানা এক পাল্লায় রাখা হবে তখন ঐ পুঞ্চক গুলোর ওজন কার্ড খানার ভূলনায় অভ্যন্ত দপণ্য হবে এবং কার্ত্তের পালা ভারী হবে । ((1))

২২। আত তিরমিথি হাদীস-নং ২৬৪১, আলু হাকেম ২য় খণ্ড ৫/৬ পুঃ

এই মহান কালিমার আরো ফথিলত সম্পর্কে হাফেজ ইবনে রজব তাঁর "কালিমাতুল ইখলাছ" নামক গ্রন্থে প্রামাণ্য দলিল সহকারে বলেন ঃ এই কালিমা হবে জান্লাতের মূল্য, যে ব্যক্তি জীবনের শেষ মূহুর্তে কালিমা পাঠ করে ইন্তেকাল করবে সে জান্রাতে প্রবেশ করবে, ইহাই জাহান্নাম থেকে মুক্তির একমাত্র পথ, ইহাই আল্লাহর নিকট থেকে ক্ষমা পাওয়ার একমাত্র সম্বল, সমস্ত পুণ্য কাজগুলোর মধ্যে ইহাই শ্রেষ্ঠ, ইহা পাপ পঞ্চিলতাকে দূর করে, হৃদয় মনে ঈমানের বিষয়গুলোকে সজীব করে, স্তপকত পাপ রাশির উপর এ কালিমা ভারী হবে। আল্লাহকে পাওয়ার পথে যতসব প্রতিবন্ধকতা রয়েছে সব কিছুকে এ কালিমা ছিন্নভিন্ন করে দেয়। এই কালিমার স্বীকৃতি দানকারীকে আল্লাহ সত্যায়িত করবেন। নবীদের কথার মধ্যে উত্তম কথা ইহাই, সবচেয়ে উত্তম জিকির ইহাই, এটি যেমনি উত্তম কথা তেমনি এর ফলাফল হবে অনেক বেশী। এটি গোলাম আযাদ করার সমতুল্য। শয়তান থেকে রক্ষা কবজ, কবরের ও হাশরের বিভীষিকাময় অবস্থার নিরাপত্তা দানকারি। কবর থেকে দভায়মান হওয়ার পর এ কালিমার মাধ্যমেই মমিনরা চিহ্নিত হবে। এর ফ্যিলাতের মধ্যে আরো হচ্ছে এ কালিমার স্বীকতি দান কারির জন্য জান্রাতের আটটি দ্বার খুলে দেওয়া হবে এবং সে ইচ্ছামত যে কোন দার দিয়ে প্রবেশ করতে পারবে। এই কালিমার সাক্ষ্যদানকারি উহার দাবী অনুযায়ী কাজ না করার ফলে এবং বিভিন্ন অপরাধের ফল স্বরূপ জাহান্নামে প্রবেশ করলেও অবশ্যই কোন এক সময় জাহান্নাম থেকে মুক্তি লাভ করবে। (২০)

ইবনে রজব তার বইতে এই কালিমার এ সকল ফযিলতের বিস্তারিত বর্ণনা দিয়েছেন এবং দলিল প্রমানাদি পেশ করেছেন।

২৩। কালিমাতুল ইখলাছ - ৬৪/৬৬ পুৎ

# এ কালিমার ব্যাকরণগত আলোচনা। উহার স্কয়্ত সমূহ এবং উহার শর্ত।

## (ক) এ কালিমার ব্যাকরণগত আলোচনা ঃ

অনেক সময় অনেক বাক্যের অর্থ বুঝা নির্ভর করে উহার ব্যাকরণগত আলোচনার উপর। এ জন্য ওলামায়ে কেরাম 'মা। শ। ম। এই বাক্যের ব্যাকরণগত আলোচনার প্রতি তাঁদের দৃষ্টি নিবন্ধ করেছেন, তারা বলেছেন এই বাক্যে "এ" শব্দটি নাফিয়া লিল জেনস এবং "়া" (ইলাহ) উহার ইসম মাবনি আলাল ফাতহ আর 🔭 উহার খবরটি এখানে উহা, অর্থাৎ কোন হক বা সত্য ইলাহ নেই। "الا । ।" ইসতেসনা অর্থাৎ আল্লাহ ব্যতীত হক বা সত্য ইলাহ বলতে কেউ নেই। "।।" অর্থ "মাবুদ" আর তিনি হচ্ছেন ঐ সন্তা যে সন্তার প্রতি কল্যাণের আশায় এবং অকল্যান থেকে বাচার জন্য হৃদয়ের আসক্তি সৃষ্টি হয় এবং মন তার উপাসনা করে। এখানে কেউ যদি মনে করে যে, উক্ত খবরটি হচ্ছে "মাওজদুন" বা "মা'বুদুন" বা এ ধরনের কোন শব্দ তা হলে এটা হবে অতন্ত ভল। কারণ আল্রাহ ব্যতীত অনেক মা'বুদ রয়েছে যেমন মৃতী মাজার ইত্যাদি, তবে আল্লাহ হচ্ছেন সত্য মাবুদ, আর তিনি ব্যতীত অন্য যত মাবুদ রয়েছে বা অনোর যে ইবাদত করা হয় তা হচ্ছে অসতা ও ভ্রান্ত। देशहें इटष्ट ्रा। भा ना भ वत ना मृष्ठक ववः हा मृष्ठक वहें मुहे স্তম্ভের মূল দাবী।

## (খ) "নাে গালাগ" এর দুইটি জ্ঞাবা রুকনঃ

এই কালিমার দুটি শুষ্ট বা রুকন আছে একটি হলো না বাচক অপবটি হাঁ বাচক।

না বাচক কথাটির অর্থ হচ্ছে আল্লাহ বাতীত সমস্ত কিছুর ইবাদাতকে অথীকার করা, আর হাঁ্য বাচক কথাটির অর্থ হচ্ছে একমাত্র আল্লাহই সত্য মারুদ। আর মুশরিকগণ আল্লাহ বাতীত যে সব মারুদের উপাসনা করে সব গুলো মিখ্যা এবং বানোয়াট মারুদ।

আল্লাহ তায়ালা বলেন ঃ

'ذلك بأن الله هو الحق وأن ما يدعون من دونه هو الباطل'

অর্থাৎ ঃ ইহা এই জন্য যে, আল্লাহই প্রকৃত সত্য, আর সেই সবকিছুই বাতিল আল্লাহ ছাড়া যাদেরকে তারা ডাকে। (<sup>20)</sup>

শ্বাক্ত অপুন অধ্য কৰে কৰিছে কৰা কৰিছে বা নাবুণ" এ কথার চেয়ে "আল্লাহ ব্যতীত অন্য কোনা মাবুদ নেই" এই বাকাটি আল্লাহব উনুহিয়াত প্রতিষ্ঠার জন্য অধিকতর শক্তিশালী দলিল কেননা; "আল্লাহ ইলাহ" একথা দ্বারা অন্যসব যত ভ্রান্ত ইলাহ রয়েছে তাদের উনুহিয়াতকে অধীকার করা হয় না। আর 'আল্লাহ ব্যতীত অন্য কোন ইলাহ নেই" এই কথাটি উনুহিয়াতকে এক মাত্র আল্লাহ ব্যতীত অন্য কোন করে দেয় এবং অন্য সকল বাতিল ইলাহকে অধীকার করে দেয়। কিছু লোক চরম ভূল বশতঃ বলে থাকেন বে, "ইলাহ" অর্থ তিনি সর্বময় ক্ষমতার অধিকারী এবং সকল কিছুর শ্রষ্টা।

২৪। আলু হাজ্ব - ৬২

আশ্শেখ সুলায়মান বিন আব্দুল্লাহ বলেন ঃ

কেউ যদি মনে করে ''ইলাহ''এবং ''উলুহিয়াতের'' অর্থ হলো নব সৃষ্টিতে পূর্ণ মাত্রায় ক্ষমতাশালী অথবা এ মর্মে অন্য কোন অর্থ, তখন উত্তরে এ ব্যক্তিকে কি বলা হবে ?

মূলতঃ এই প্রশ্নের উত্তরের দৃটি পর্যায় রয়েছে প্রথমতঃ এটা একটি উদ্ধট অঞ্চতা প্রসৃত কথা। এ ধরনের কথা বিদায়াতী ব্যক্তিরাই বলে থাকে, কোন বিজ্ঞ আলেম বা আরবী ভাষাবিদগণ "এ!" শব্দের এ ধরণের অর্থ করেছেন বলে কেউ বলতে পারবেনা বরং তারা এ শব্দের এ অর্থেই করেছেন যা আমরা পূর্বে আলোচনা করেছি। অতএব এখানেই এ ধরনের বাাখা। ভল প্রমাণিত হল।

দ্বিতীয়তঃ ক্ষণিকের জন্য এ অর্থকে মেনে নিলেও এমনিতেই ''সভ্য ইসাহ'' যিনি হনেন তাঁর জন্য সৃষ্টি করার তাণাবলি একাওই অপরিযাগ্য, অতএব ইলাহ হওয়ার জন্য সৃষ্টি করার সার্নিক যোগতা থাকাতো অঙ্গাঙ্গি ভাবেই ভার সাথে জড়িত, আর যে কোন কিছু সৃষ্টি করতে অক্ষম সে তো 'ইলাহ'' হতে পারে না, যদিও তাকে ইলাহ রূপে কেউ অক্তিয়িত করে থাকে।

এ জন্য আল্লাহ নবসৃষ্টিতে ক্ষমতাশালী এইট্রুক বিশ্বাসের মাধ্যমে কোন ব্যক্তির ইসলামের গজিতে প্রবেশের জন্য মধেষ্ট নয় এবং এইট্রেক কথা কিয়ামতের দিন জান্লাত লাভের জন্য ও যথেষ্ট নয়। আর যদি এতট্রুক বিশ্বাসই মধেষ্ট হতে। ভাহলে আরবের কাফিররাও মুসলমান বলে গান্য হত। আর এ জন্য এ মুগের কোন লেবক যদি ' 山' শব্দের এই অর্থই করে থাকেন তা হলে তাকে ভ্রান্ত বলতে হবে। তাই কোরআন হাদীস এবং জ্ঞানগর্ভ দলিল ঘারা এর প্রতিবাদ করা একান্ত প্রয়োজন। (\*\*)

২৫। দেখুন তাইছিক্লল আজিজুল হামিদ - ৮০ পৃঃ

(খ) ,পাারাপার, লয় মহ্ এর্হ ঃ

এই পৰিত্র কালিমা মূখে বলাতে কোনই উপকারে আসবেনা যে পর্যন্ত এর ৭টি শর্ত পুরণ না করা হবে।

প্রথম ঃ এই কালিমার না বাচক এবং হাঁ বাচক দুটি অংশের অর্থ সম্পর্কে পরিপূর্ণ জ্ঞান থাকা প্রয়োজন। এর অর্থ এবং উদ্দেশ্য না বুঝে তথুমান মুখে উচারণ করার মাধ্যে কোন লাভ নেই। কেননা সে ক্ষেত্রে ঐ ব্যক্তি এই কালিমার মর্মের উপর ঈমান আনতে পারবে না। আর তখন এই ব্যক্তির উদাহরণ হবে এ পোকের মত যে, পোক এমন এক অপরিচিত ভাষায় কথা বলা তক্ষ করল যে ভাষা সম্পর্কে তার সামানাত্য জ্ঞানও নেই।

দ্বিতীয় ঃ দৃঢ় প্রত্যয় অর্থাৎ এই কালিমার মাধ্যমে যে কথার স্বীকৃতি দান করা হলো তাতে সামান্যতম সন্ধেহ পোষণ করা চলবেনা।

তৃতীয় : ঐ ইখলাছ যা 'আ। ধা । । । । । । । । বা দাবী অনুযায়ী ঐ ব্যক্তিকে শিরক থেকে মুক্ত রাখবে।

চতুর্থ ঃ এই কালিমা পাঠ কারীকে সত্যের পরাকাষ্ঠা হতে হবে যে সভ্য ভাকে মুনাফিকী আচরণ থেকে বিরভ রাখবে। মুনাফিকরাও এ। স 'এ। মুবে মুবে উচ্চারণ করে থাকে, কিন্তু এর

নিগৃঢ় তত্ত্ব সম্পর্কে তারা পূর্ণ বিশ্বাসী নয়। পঞ্চম ঃ ভালবাসাঃ অর্থাৎ মোনাফেকী আচরণ বাদ দিয়ে এই কালিমাকে

স্বানন্দ চিন্তে গ্ৰহণ করতে হবে ও ভালবাসতে হবে।

মষ্ট ঃ এই কালিমার দাবী অনুযায়ী নিজকে পরিচালনা করা। অর্থাৎ
আল্লাহর সম্বুষ্টি লাভের জন্য সমন্ত ফরজ ওয়াজিব কাজগুলো আঞ্জাম

দেওয়া।

সপ্তম ঃ আন্তরীক ভাবে এ কালিমাকে গ্রহণ করা এবং এব পর দ্বীনের কোন কাজকে প্রত্যাখ্যান করা থেকে নিজকে বিরত রাখা। অর্থাৎ আল্রাহর যাবতীয় আদেশ পালন করতে হবে এবং তাঁর নিষিদ্ধ সবকিছু থেকে বিরত থাকতে হবে।<sup>(২৬)</sup>

এই শর্তগুলো ওলামায়েকেরাম চয়ন করেছেন কোরআন হাদীসের আলোকেই, অতএব এ কালিমাকে ওধু মাত্র মুখে উচ্চারণ করলেই যথেষ্ট , এমন ধারণা ঠিক নহে।

 ४। 'द्यात्राचात्र' वत्र वर्ष : भव्वकी व्यालाव्या करक व কালিমার অর্থ ও উহার উদ্দেশ্য সম্পর্কে একথা স্পষ্ট হল যে. 💵 प्र' 'all খা এর অর্থ হচ্ছে ঃ সত্য এবং হক মাবদ বলতে যে ইলাহকে বঝায় তিনি হলেন একমাত্র আলাহ যার কোন শরীক নেই এবং তিনিই একমাত্র ইবাদতের অধিকারী। আর তিনি ব্যতীত যত মাবুদ আছে সব অসত্য এবং বাতিল, তাই তারা ইবাদাত পাওয়ার অযোগ্য। এজন্য অধিকাংশ সময় আল্রাহ তা'য়ালার ইবাদাতের আদেশের সাথে সাথে তিনি ব্যতীত অন্য কারো ইবাদাত করার জন্য নিষেধ করা হয়েছে। কেননা আলাহর ইবাদাতের সাথে অন্য কাহাকেও অংশীদার করলে ঐ ইবাদাত অগ্রহণযোগ্য হবে।

"واعدوا الله و لاتشر كوا به شيئا" ( वाहार जाग़ाना वलन অর্থাৎ : এবং তোমরা একমাত্র আলাহর ইবাদাত কর এবং তার সাথে অন্য কাউকে শবীক কবোনা। <sup>(২৭)</sup>

#### আলাহ আরো বলেন ঃ

"فمن بكفر بالطاغوت ويؤمن بالله فقد استمسك بالعروة الوثقى لا انفصام لها والله سميم عليم"

২৬। ফাতহল মাজিদ - ৯১ পৃঃ ২৭। আন নিসা - ৩৬

অর্থাৎ ঃ অতঃপর যে তাণ্ডতকে অস্বীকার করবে এবং আল্লাহর উপর ঈমান আনবে ঐ ব্যক্তি দৃঢ় অবলমন ধারণ করল যা ছিন্ন হবার নয়। আর আল্লাহ সবই তনেন এবং জানেন। <sup>(২৮)</sup>

আল্লাহ আরো বলেন ঃ

ولقد بعثنا في كل أمة رسولاً أن اعبدوا الله واجتنبوا الطاغوت

অর্থাৎ ঃ আর নিচরাই আমরা প্রত্যেক জাতির নিকট রাসূল প্রেরণ করেছি এজন্য যে, তোমরা একমাত্র আল্লাহর ইবাদত কর এবং তাণ্ডতকে পরিহার কর। <sup>(3)</sup>

রাসূল সাক্লাল্লাহ আলাইহে ওয়াসাল্লাম বলেন ঃ যে ব্যক্তি বলল আল্লাহ ছাড়া জন্ম কোন ইলাহ নেই, এবং সে আল্লাহ ব্যতীত অন্যসব কিছুর ইবাদাতকে অধীকার করল ঐ ব্যক্তি আমার নিকট থেকে তার জীবন ও সম্পদ হেফাজত করল। (<sup>160</sup>)

আর প্রত্যেক রাসূলই তাঁর জাতিকে বলেছেন ঃ

ী عبدوا الله مالكم من إله غيره ' অর্থাৎ ঃ তোমরা একমাত্র আল্লাহর ইবাদাত কর এবং আল্লাহ ছাড়া তোমাদের আর কোন ইলাহ নেই। (°০)

ইবনে রজব বলেন : কালিমার এই অর্থ বান্তবায়িত হবে তখন, যখন বান্দহ 'নাা খা না খ' এর স্বীকৃতি দান করার পর ইহা প্রমাণ করবে বে, আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই এবং মানুদ হওয়ার একার যোগ্য ঐ সব্য যাকে ভয়-ভাতি, বিনয় ভালবাসা, আশা-ভরষা সহকারে

২৮। আল্ বাকারাহ - ২৫৬ ২৯। আন নাহাল - ৩৬

৩০। সহীহ মুসলিম কিতাবুল ঈমান হাদীস - নং ২৩

৩১। আল্ আর্রাফ - ৫৯

আনুগভ্য করা হয়, যার নিকট প্রার্থনা করা হয়, যার সমীপে দোয়া করা হয় এবং যার অবাধাতা থেকে বিরত থাকা হয়, আর এ সমস্ত কিছু আল্লাহ ছাড়া আর কারো জব্য প্রযোজ্য নয়। এজনা রাগুল সাল্লাল্লাহ আলাইহে ওয়া সাল্লাম যথন মান্তার কাফেরদেরকে বললেন, তোমবা বলো ঃ 'ধানা ধানা ধানা কাফেরবাবলো ঃ

অর্থাৎ ; ভারা বৃষতে পারল যে, এ কালিমার স্বীকৃতি মানেই এখন হতে মূর্তিপূজা বাতিল করা হলো এবং ইবাদাত একমাত্র আল্লাহর জনা নির্ধারণ করা হলো। আর ভারা কথনই এমনটি কামনা করেনা। আর এখানেই রমাণিত হল যে, 'আ। মৃ! এ। ম' এর অর্থ এবং ইহার দাবী হক্ষেই ইবাদতকে একমাত্র আল্লাহর জনা নির্দিষ্ট করা এবং আল্লাহ ব্যতীত অন্য সব কিছুর ইবাদাত পরিহার করা।

এজনা কোন ব্যক্তি যখন বলে 'Шা খু এ! এ' তখন সে এই ঘোষণাই প্রদান করে যে, ইবানাতের একমাত্র অধিকারী আল্লাহ্ন তা যালাই এবং তিনি বাতীত অন্য কিছুর ইবানাত যেমন করর পূজা, পীর পূজা ইত্যাদি সমান্ত কিছুই বাতিল। এর মাধারে গোর পূজাকারী ও অন্যানারা যারা মনে করে যে, 'Шা খু এ! য' এর অর্থ হচ্ছে এই বলে ধীকৃতি দেওয়া যে, আল্লাহ আছেল, অথবা তিনি সৃষ্টিকর্তা এবং তিনি কোন কিছু উত্তাবন করতে সক্ষম, তাদের এই সমন্ত মতবাদ ভ্রান্ত বলে প্রমাণিত হল।

৩২। ছোয়াদ - ৫

আবার কেউ যদি মনে করে যে 'না। ধানা ধানা পর মানে সার্বভৌমত ওধুমাত্র আল্লাহর জন্য এবং ইহাই 'আ। স। ।।। । । এর একমাত্র অর্থ যদিও এই ধারনার সাথে সাথে আল্লাহ ব্যতীত অন্য কাহারো পূজা-অর্চনা স্বরূপ যা ইচ্ছা তাই করা হউক অথবা মত ব্যক্তিদের নামে মানুত, কোরবানী বা ভেট প্রদানের মাধ্যমে, তাদের কবরের চারপার্শ্বে ঘুরে তাওয়াফ করে, তাদের কবরের মাটিকে বরকতময় মনে করে তাদের নৈকটা লাভ করা যাবে এমন ধারণা পোষণ করা হউক তবে এ ধরনের ব্যাখ্যাও হবে ভুল ব্যাখ্যা। এই লোকেরা অনধাবন করতে পারেনি যে তাদের মত এমন আকীদাহ বিশ্বাস তৎকালীন মাক্কার কাফেরগণও পোষণ করত। তারা বিশ্বাস করত যে, আল্লাহই সৃষ্টিকর্তা, একমাত্র উদ্ধাবক এবং তারা অন্যান্য দেব-দেবীর ইবাদাত শুধুমাত্র এজন্যই করত যে, উহারা তাদেরকে আল্রাহ তা'য়ালার খব নিকটবর্তী করে দিবে, তাছাড়া তারা মনে করত না যে, ঐ সমস্ত দেব-দেবী সৃষ্টি করতে অথবা রিথিক দান করতে পারে। অতএব সার্বভৌমত আল্লাহর জন্য ইহাই 'আ। ধ। ধ। ধ এর প্রকৃত অর্থ বা একমাত্র অর্থ এমনটি নহে বরং সার্বভৌমত্ব একমাত্র আল্লাহর জন্য ইহা এই কালিমার অর্থের একটি অংশ মাত্র। কেননা এক দিকে কেহ যদি রাষ্ট্রের বিভিন্ন অংশে যেমন ঃ আইন-আদালত বা বিচার বিভাগ ইড্যাদিতে শরীয়াতের হুকুম প্রতিষ্ঠিত করে অন্য দিকে আল্লাহর সাথে অন্য কাহাকেও শরীক করে তা হলে এর কোন মূল্যই হবেনা। আর

यमि 'ال الله । ধা । ধা । ধা । পর অর্থ ইহাই হত যেমনটি ঐ সমস্ত লোক ধারণা করে তাহলে মাক্কার মুশরিকদের সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্রামের কোন দ্বন্দুই থাকত না এবং তিনি তাদেরকে গুধুমাত্র এই আহ্বানই করতেন যে, তোমরা এই মর্মে খীকৃতি প্রদান কর যে, আল্লাহ তায়ালা উদ্ভাবন করতে সক্ষম অথবা আল্লাহ বলতে একজন কেউ আছেন, অথবা তোমরা ধন-সম্পদ এবং অধিকার সংক্রান্ত বিষয়গুলোতে শরীয়াত অনুযায়ী ফায়সালা কর, এবং এবাদতের বিষয়ে কিছু বলা থেকে বিরত থাকতেন। এ ছাড়া তাদেরকে যদি একমাত্র আল্লাহর ইবাদাত করার কথা বলা থেকে বিরত থাকতেন তাহলে কালবিলম্ব না করে তারা রাসূল সাল্লাল্লান্ত আলাইহে ওয়া সাল্লামের আহ্বানে সাড়া দিত। কিন্তু তাদের ভাষা আরবী হওয়ার কারণে তারা বুঝতে পেরেছিল যে, '←।। ধা ।। ধ' এর স্বীকৃতি দেওয়ার অর্থই হচ্ছে সমস্ত দেব-দেবীকে অস্বীকার করা। তারা বুঝেছিল যে, এই কালিমা তথুমাত্র এমন কতগুলো শব্দের সমারোহ নয় যে, এর কোন অর্থ নেই, এজন্যই তারা এর স্বীকৃতি দান করা থেকে বিরত থাকল এবং বলল ঃ

'اجعل الآلهة إلها واحداً إن هذا لشيء عجاب' অর্থাৎ: সে কি সমন্ত ইলাহগুলোকে এক ইলাহতে পরিণত করল? এত অতান্ত আভর্যের বিষয়।

তাদের সম্পর্কে আল্লাহ আরো বলেন ঃ

إنهم كانوا إذا قيل لهم لا إله إلا الله يستكبرون ويقولون أثنا لتاركو ألهتنا لشاءر مجنون অর্থাৎ: তাদের যখন বলা হত আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই তখন তারা ঔদ্ধত্য প্রদর্শন করত এবং বলত আমরা কি এক উশ্বাদ কবির কথায় আমাদের উপাস্যদেরকে পরিত্যাগ করব ? (\*\*)

অতএব তারা বুঝল যে 'LLII গু! এ! গ' এর মানেই হচ্ছে সমন্ত কিছুর ইবাদাত ছেড়ে দিয়ে একমাত্র আল্লাহর জন্য ইবাদাত করা। আর তারা যদি একদিকে কালিমা 'LLII গু! এ! গ' বলত অন্যদিকে দেব-দেবীর ইবাদাতের উপর প্রতিষ্ঠিত থাকত তাহলে এটা হত স্ববিরোধিতা, আর এমন স্ববিরোধিতা থেকে তারা নিজদেরকে বিরত রাবছেন। কিল্প আজকের কবর পূজারীরা এই জমন্যতম স্ববিরোধিতা থেকে নিজদেরকে বিরত রাবছেন। তারা এক দিকে বলে 'LLII গু! এ! গ' অন্য দিকে মৃত ব্যক্তি এবং মাজার ভিবিক ইবাদাতের মাধ্যমে এই কালিমার বিরোধিতা করে তাকে। অতএব ধ্বং য় ঐ সকল ব্যক্তির জন্য যাদের চাইতে আনু বোহেল ও আনু লাহাব ছিল কালিমা 'LLII গু! এ! গু' এর অর্থ সম্পর্কে আরে বেশী অভিজ্ঞ।

এখানে সর্থান্ধ কথা হল এই যে, যে ব্যক্তি জেনে বুঝে কাদিমার দাবী অনুযায়ী আমল করার মাধ্যমে ইহার স্বীকৃতি দান করল এবং প্রকাশ্য অপ্রকাশ্য সর্বাবস্থায় নিজকে শিরক থেকে বিরত রেখে দৃঢ় প্রতায়ের সাথে একমাত্র আল্লাহর জন্য ইবাদাতকে নির্ধারণ করল, সে বাক্তি প্রকৃত অর্থে মুসলমান। আর যে এই কালিয়ার মর্মার্থকে বিধাস

৩৩। আস্সাফ্ফাত - ৩৫/৩৬

না করে এমনিতে প্রকাশ্যভাবে এর স্বীকৃতি দান করল এবং এর দাবী অনুযায়ী গতানুগতিকভাবে কাজ করন সে ব্যক্তি মূলতঃ মোনাঞ্চিক। আর যে মুখে ইহা কলল এবং শিরক এর মাধ্যমে এর বিপরীত কাজ করন সে প্রকৃত অর্থে স্ববিরোধী মোনকে। এজন্য এই কালিমা উচারবের মাথে মাথে অবশ্যই এর অর্থ জানতে হবে আর ভবনই এর দাবী অনুযায়ী কাজ করা সধ্ব হবে।

আল্লাহ বলেন ঃ "إلا من شهد بالحق وهم يعلمون অর্থাৎ ঃ তবে যারা জেনে বুঝে সত্যের সাক্ষ্য দিল (০৪)

অতএব এই কালিমার চূড়াও লক্ষ্য হল এর দাবী অনুযায়ী একমাত্র আল্লাহর ইবাদাত করা এবং আল্লাহ বাতীত অন্য সৰুল কিছুর ইবাদাতকে অধীকার করা।

'আ। খ্র' এর আরো অন্যতম দাবী হল ইবাদাত, মোয়ামেলাত (লেন-দেন) হালাল-হারাম, সর্বাবস্থায় আল্লাহর বিধানকে মেনে নেয়া এবং অন্য সব বিধান পরিত্যাগ করা।

### আল্লাহ বলেন ঃ

এ থেকে বুঝা গেল অবশ্যই ইবাদাত, লেন-দেন এবং মানুষের মধ্যে বিতর্কিত বিষয় সমূহ ফয়সালা করতে আল্লাহর বিধানকে মেনে

৩৪। আব্যোধরুফ - ৮৬ পৃঃ

৩৫। আশ্তরা-২১

নিতে হবে এবং এর বিপরীত মানব রচিত সকল বিধানকে ত্যাগ করতে হবে। এ অর্থ থেকে আরো বুঝা গেল যে, সমন্ত বেদাত এবং কুসংক্ষার যাহা জ্বীন ও মানব রূপী শয়তান রচনা করে, তাও পরিত্যাগ করতে হবে। আর যে এগুলোকে গ্রহণ করবে সে মুশরিক বলে গণ্য হবে।

আল্লাহ তায়ালা বলেন ঃ

'أم لهم شر كاء شرعوا لهم من الدين مالم يأذن به الله' অর্থাৎ ঃ তাদের কি এমন কোন শরীক দেবতা আছে যারা তাদের জন্য বিধান রচনা করবে যার অনুমতি আল্লাহ দেননি।

আল্লাহ আরো বলেন ঃ "وَإِنْ أَطْعَتْمُوهُمْ إِنْكُمُ لِمُشْرِكُونَ" অর্থাৎ ঃ যদি তোমরা তাদের আনুগত্য কর তাহলে তোমরাও মূশরিক হয়ে যাবে। (<sup>(00)</sup>

আল্লাহ বলেন ঃ

ার্ট্রের । বিন্যুর বিদ্যান বিদ্যান বিদ্যান বিদ্যান বিদ্যান বিশ্বরাহিতদেরকে আদর পালন কর্তারেল গহণ করেছে"।

ক্ষরিত হানীদে বর্ণিত নবী সাল্লাল্লাহ্ আলাইহে গ্যাসাল্লাম হযরত আদি ইবনে হাতেম আত্তায়ীর সামনে এই আয়াত পাঠ করেন, তথন আদি কললেন হে আল্লাহর রাসুল আমরা আমাদের পীর পুরোহীতদের কথনো উবালাত কবিনি।

৩৬। আলু আনয়াম - ১২১

রাসূল সান্ত্রান্ত্রাহ আলাইহে ওয়াসাল্লাম বললেন ঃ- আল্লাহ যে সমস্ত জিনিস হারাম করেছেন তোমাদের পীর পুরোহীতরা তাকে হালাল করত এবং আল্লাহ যে সমস্ত বন্ধু হালাল করেছেন তাকে তারা হারাম বা অবৈধ করত এতে তোমরা কি তাদের অনুসরণ করতে না ? হয়রত আদী বললেন হাঁ, এতেম আমরা তাদের অনুসরণ করতোন। রাস্ল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন ইহাই তাদের ইবাদাত।

আন্শেখ আবদুর রহমান বিন হাসান বলেন ঃ অন্যায় কাজে তাদের আনুগতা করার জন্যই ইহা আল্লাহ ব্যতীত অন্য কারো ইবাদাত হয়ে পেল এবং এরই মাধ্যমে পীর পুরোহীতদের তারা নিজেদের রব হিসাবে গ্রহণ করল। আর এই হল আমাদের জাতির বর্তমান অবস্থা এবং ইহা এক প্রকার বড় দিরক যার মাধ্যমে আল্লাহর একত্বকে অধীকার করা হয়, যে একত্বের অর্থ বহন করে 'থা। খা খা এব সাকী। অতঃপর এবানে স্পষ্টভাবে প্রমাণিত হল যে, কালিমার অর্থ ঐ সমত্ত কিছুকে অধীকার করার বারবে ইখলাছের বাণী উহাকে অধীকার করে।

এভাবে মানব রচিড আইনকেও ত্যাগ করা ওয়াজিব। কেননা, বিচার ফয়সালাতে কোরআন ও হাদীসের দিকে প্রত্যাবর্তন করা ওয়াজিব। আগ্রাহ আরো বলেন ঃ

'বা্ত নার্বার্থন এটা ক্রান্ত নি নার্বার্থন এটা নার্বার্থন এটার নার্বার্থন প্রকাশ রাধি কোন বিষয়ে বিবাদে প্রবৃত্ত হয়ে পড় ভাহলে তা আল্লাহ ও রাসূলের প্রতি প্রত্যার্পণ কর। (°°)

৩৭। আনু নিসা - ৫৯

## আল্লাহ আরো বলেন ঃ

আর যে ব্যক্তি আল্লাহর হুকুম মোভাবেক ফয়সালা করবে না তার বিষয়ে আল্লাহর ফয়সালা যে, সে কাফের অথবা যালেম অথবা ফাসেক এবং সে ঈমানদার থাকবে না। আল্লাহর হুকুম অনুযায়ী যে ব্যক্তি ফয়সালা না করবে সে ঐ পর্যায়ে কাফের হবে যখন সে শরীয়ত বিরোধী ফায়সালা দেয়াকে কায়েজ বা মোবাহ মনে করবে। অথবা মনে করবে যে, তার ফয়সালা আল্লাহ ত'য়ালার ফয়সালা থেকে অধিক উত্তম বা অধিক এহবীয়। এমন ধারণা পোষণ করা হবে তাওইদ পরিস্কৃত্য বিলাবি এবং ইহা 'না। মৃ' এই কালিয়ার অর্থের একেবারেই বিরোধী।

আর যদি শরীয়ত বিরোধী ফয়সালা দানকে মোবাহ মনে না করে, ববং
শরিয়ত অনুযায়ী ফয়সালা দানকে ওয়াজিব মনে করে কিন্তু পার্থিব লালসার বসবর্তী হয়ে নিজের মনগড়া আইন দিয়ে ফয়সালা করে তবে ইহা ছোট শিরক ও ছোট কুফরীর পর্যায়ে পড়বে তবে ইহাও । । । ।

